

**“সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি”**

বান্দরবান পার্বত্য জেলা পরিষদে ন্যস্ত জেলা সমাজসেবা বিভাগ, বান্দরবান, এর বিভিন্ন ক্যাটাগরির ৩য় ও ৪র্থ শ্রেণীর ২৩টি শূণ্য পদের (১০% সংরক্ষণ ও পদবিলুপ্তির কারণে বাদসহ) নিম্নবর্ণিত পদ সমূহের বিপরীতে জনবল নিয়োগের নিমিত্ত **(ইতোপূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন পূর্বক)** বান্দরবান জেলার স্থায়ী বাসিন্দা ও যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল  | শূণ্য পদের সংখ্যা | বয়স সীমা      | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা   |
|-----------|--|-------------------|----------------|---|
| ০১        | হাউজ প্যারেন্ট কাম-শিক্ষক<br>(গ্রেড-১১) ১২৫০০/- - ৩০২৩০/-        | ০১                | ১৮-৩০ বৎসর     | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রীসহ ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন ডিগ্রী (তবে শর্ত থাকে যে, ব্রেইল পদ্ধতিতে কম্পিউটার চালানায় বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার যোগ্য)।   |
| ০২        | সাঁট-লিপিকার<br>(গ্রেড-১৩) ১১০০০/- - ২৬৫৯০/-                     | ০১                | ১৮-৩০ বৎসর (*) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি<br>(খ) সাঁট লিপি-তে বাংলায় ৫০ এবং ইংরেজীতে ৮০ গতিসম্পন্ন এবং কম্পিউটার মুদ্রণে বাংলায় ২৫ ইংরেজীতে ৩০ গতিসম্পন্ন হতে হবে।<br>(গ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে শর্টহ্যান্ড (সাঁটলিপিকা) কোর্স সম্পন্ন করার সনদ থাকতে হবে। |
| ০৩        | ফিল্ড সুপারভাইজার<br>(গ্রেড-১৪) ১০২০০/- - ২৪৬৮০/-                | ০২                | ১৮-৩০ বৎসর (*) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার চালানায় প্রশিক্ষণপ্রাপ্ত   |
| ০৪        | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>(গ্রেড-১৬) ৯৩০০/- - ২২৪৯০/- | ০১                | ১৮-৩০ বৎসর (*) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট HSC বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত (স্বীকৃত প্রতিষ্ঠান হতে কোর্স সম্পন্ন করার সনদ থাকতে হবে)   |
| ০৫        | ইউনিয়ন সমাজকর্মী<br>(গ্রেড-১৬) ৯৩০০/- - ২২৪৯০/-                 | ০৫                | ১৮-৩০ বৎসর (*) | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ   |
| ০৬        | মহল্লা পর্যায় কর্মী<br>(গ্রেড-১৬) ৯৩০০/- - ২২৪৯০/-              | ০১                | ১৮-৩০ বৎসর (*) | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।  |
| ০৭        | অফিস সহায়ক<br>(গ্রেড-২০) ৮২৫০/- - ২০০১০/-                       | ০৪                | ১৮-৩০ বৎসর।    | কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম দ্বিতীয় বিভাগের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।  |

**শর্তাবলী :**

- ১। নিয়োগের ক্ষেত্রে সরকারি প্রচলিত বিধি - বিধান প্রতীপালিত হবে।
- ২। আগামী ০৭/০২/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে মাননীয় চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবর স্ব-হস্তে লিখিত/সরকারি চাকরি আবেদন ফরমে পূরণকৃত আবেদন সরাসরি/ ডাকযোগে দাখিল করতে হবে। নির্ধারিত সময় ও তারিখের পর ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরিত দরখাস্ত গ্রহণ করা যাবে না।
- ৩। আবেদনপত্রে স্পষ্টাক্ষরে (ক) আবেদনকারীর নাম (বাংলা ও ইংরেজী) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা/ যোগাযোগ ঠিকানা (ঙ) পূর্ণাঙ্গ স্থায়ী ঠিকানা (চ) বান্দরবান জেলার স্থায়ী বাসিন্দা কি-না (সনদ আছে/ নাই) (ছ) শিক্ষাগত যোগ্যতা (জ) অভিজ্ঞতা (ঝ) জন্ম তারিখ (ঞ) বয়স (ট) লিঙ্গ (ঠ) ধর্ম (ড) জাতীয়তা (ঢ) বৈবাহিক অবস্থা (ণ) মোবাইল নম্বর (ত) জাতীয় পরিচয় পত্র নং (থ) জন্ম নিবন্ধন নং (দ) ই মেইল ঠিকানা(যদি থাকে) (ধ) আবেদনকৃত পদের বিপরীতে অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।
- ৪। শুধুমাত্র বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবে। স্থায়ী বাসিন্দা সংক্রান্ত- বোমাং সার্কেল চীফ /জেলা প্রশাসক প্রদত্ত সনদ থাকতে হবে। বিভিন্ন পদে আবেদনকারীদের মধ্যে সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার বজায় থাকবে।
- ৫। আবেদনের সাথে “চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর অনুকূলে সরকার কর্তৃক অনুমোদিত যে কোন তফসীলি ব্যাংক হতে ১নং পদের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) ২নং হতে ৬নং পদের ক্ষেত্রে ২০০/- (দুইশত) এবং ৭নং পদের ক্ষেত্রে ১০০/- (একশত ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার পরীক্ষার ফি বাবদ (অফেরৎযোগ্য) জমা দিতে হবে। **পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।**
- ৬। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত), প্রয়োজনীয় সকল সনদের (গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ছায়াছবি ও ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।
- ৭। সরকারি চাকুরিতে কর্মরত/ বিভাগীয় প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কপি গ্রহণ যোগ্য নয়।
- ৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ৯। অসম্পূর্ণ এবং ক্রটিযুক্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র বাহাই ও নিয়োগের ক্ষেত্রে পরিষদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১০। যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য বর্তমান ঠিকানায় ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে।
- ১১। (\*) আবেদনকারীর বয়স ০৫/০২/২০২৩খ্রিঃ তারিখে বিজ্ঞপ্তিতে উল্লিখিত সকল পদের ক্ষেত্রে ১৮-৩০ বছর হতে হবে তবে জনপ্রশাসন মন্ত্রণালয় এর স্মারক নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯ তারিখ : ২২/০৯/২০২২খ্রিঃ মূলে জারীকৃত পত্র অনুসারে ২৫-০৩-২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
- ১২। (\*) **বিভাগীয় প্রার্থীদের জন্য প্রযোজ্য** - ০২নং পদের ক্ষেত্রে বয়স সীমা ৪০ বৎসর এবং ০৩, ০৪, ০৫ ও ০৬নং পদের ক্ষেত্রে বয়স সীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিল যোগ্য (যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে)।
- ১৩। খামের উপর **পদের নাম** আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।
- ১৪। নিয়োগ বিজ্ঞপ্তি জেলা পরিষদ এর ওয়েবসাইট [www.bhdc.gov.bd](http://www.bhdc.gov.bd) এবং জেলা সমাজসেবা কার্যালয় এর ওয়েব সাইট [www.dss.bandarban.gov.bd](http://www.dss.bandarban.gov.bd) তেও পাওয়া যাবে।
- ১৫। বিশেষ পরিস্থিতিতে অনিবার্য কারণ যেকোন সময় বর্ণিত পদ কমবেশি হওয়ার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং বিজ্ঞপ্তিতে প্রকাশিত পদে নিয়োগ প্রক্রিয়া স্থগিত করণের ক্ষমতাও নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৬। নিয়োগ পরীক্ষার সন্ধ্যা সকল পর্যায়ের তারিখ পরবর্তীতে জানানো হবে, যা বান্দরবান পার্বত্য জেলা পরিষদ এর ওয়েব সাইট ও জেলা সমাজসেবা কার্যালয়ের ওয়েব সাইট এ যথাসময়ে প্রকাশ করা হবে।
- ১৭। প্রয়োজনবোধে নিয়োগ বিজ্ঞপ্তির বিষয়ে যে কোন তথ্য জানার জন্য বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বান্দরবানে যোগাযোগ করা যেতে পারে।
- ১৮। ইতোপূর্বে জারিকৃত বিজ্ঞপ্তি এতদসঙ্গে প্রত্যাহার করা হলো। উপরে বর্ণিত পদে ইতোমধ্যে যারা আবেদন করেছেন তাদের আর নতুনভাবে আবেদন করার প্রয়োজন নেই। যারা ইতোপূর্বে ঘোষিত পদ সমূহের মধ্যে প্রত্যাহারকৃত পদে আবেদন করেছেন তারা সংযুক্ত ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ফেরত পাওয়ার জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে।



ক্য শে হু

চেয়ারম্যান

বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও

সভাপতি

কর্মচারী নিয়োগ কমিটি' ২০২২

জেলা সমাজসেবা বিভাগ, বান্দরবান।